মহাপরিচালকের কার্যালয়
কৃষি ও পরিবেশ অডিট অধিদপ্তর
ঢাকা ইন্স্যুরেন্স ভবন (২য়-৬ষ্ঠ তলা)
৭১, পুরানা পল্টন লাইন, ঢাকা-১০০০।
www.agriaudit.org.bd

স্মারক নং-৮২.১৮.০০০০.০০১.৩৪.০৬৬.২০-৬৮ তারিখ: ২৯/১১/২০২০ খ্রি.

মহাপরিচালক
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
জয়দেবপুর, গাজীপুর।

বিষয়: বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট এর ২০১৮-২০১৯ আর্থিক সালের নিরীক্ষার অডিট ইন্সপেকশন রিপোর্ট (AIR) প্রেরণ প্রসঙ্গে।
সূত্র: কৃষি ও পরিবেশ অডিট অধিদপ্তরের স্মারক নং-৮২.১৮.০০০০.০০১.৩৪.০৬৬.২০-৫৭ তারিখ: ০৪/১১/২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সুত্রস্থ স্মারকের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট এর ২০১৮-২০১৯ আর্থিক সালের নিরীক্ষা স্থানীয়ভাবে ২০/০২/২০২০ খ্রি: হতে ১৫/০৩/২০২০ খ্রি: পর্যন্ত সময়ে সম্পন্ন করা হয়েছে। সুত্রস্থ পত্রের মাধ্যমে অডিট ইন্সপেকশন রিপোর্ট (AIR) এর আপত্তিসমূহ যাচাই কমিটি (Quality Assurance Committee-1) কর্তৃক পর্যালোচনাপূর্বক প্রেরণ করা হয়েছিল। পরবর্তীতে আলোচ্য আপত্তিসমূহ যাচাই কমিটি (Quality Assurance Committee-2) কর্তৃক পুন: পর্যালোচনাপূর্বক অনুচ্ছেদ নং ২৩ বাদ দেওয়া হয়েছে এবং অনুচ্ছেদ নং ১, ২, ৪, ৬, ৮, ১০, ১৪, ১৫, ১৬ ২০ ও ২১ মোট ১১ (এগার) টি অগ্রিম অনুচ্ছেদ এবং অবশিষ্ট ১১ (এগার) টি সাধারণ অনুচ্ছেদ হিসেবে গণ্য করা হয়েছে। অতএব, (২৩-১) = ২২ (বাইশ) টি আপত্তি অডিট ইন্সপেকশন রিপোর্ট (AIR) এ অন্তর্ভূক্ত করত: এতদসঙ্গে প্রেরণ করা হলো।

৩। এমতাবস্থায়, অডিট ইন্সপেকশন রিপোর্ট (AIR) এ বর্ণিত আপত্তিসমূহের নিষ্পত্তিমূলক জবাব অগ্রিম অনুচ্ছেদের ক্ষেত্রে মন্ত্রণালয়ের মাধ্যমে এবং সাধারণ অনুচ্ছেদের ক্ষেত্রে মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের মাধ্যমে এ কার্যালয়ে প্রেরণ করার জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ১। প্রতিবেদন- ৮৫ (পঁচাশি) পাতা।

29.11.2020
(সুমন কুমার শর্ম্মা)
উপ-পরিচালক
ফোন : ০২-৪৮৩১৬৮৫৬
ইমেইল: skshorma.dae@gmail.com

স্মারক নং-৮২.১৮.০০০০.০০১.৩৪.০৬৬.২০- তারিখ: /১১/২০২০ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। সচিব, কৃষি মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
২। পিএ টু মহাপরিচালক/পরিচালক, কৃষি ও পরিবেশ অডিট অধিদপ্তর।
৩। অফিস কপি/গার্ড ফাইল।

(সুমন কুমার শর্ম্মা)
উপ-পরিচালক
ফোন : ০২-৪৮৩১৬৮৫৬
ইমেইল: skshorma.dae@gmail.com

# অডিট ইন্সপেকশন রিপোর্ট (AIR)

## কৃষি মন্ত্রণালয়

[বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট এর
২০১৮-২০১৯ অর্থ বছরের হিসাব সম্পর্কিত]

# কৃষি ও পরিবেশ অডিট অধিদপ্তর

ঢাকা ইন্স্যুরেন্স ভবন (২য়-৬ষ্ঠ তলা)
৭১,পুরানা পল্টন লাইন, ঢাকা-১০০০ ।

# অডিট ফাইন্ডিংস

| অনু: নং | অনুচ্ছেদের সংক্ষিপ্ত সার | জড়িতটাকা | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | জাতীয় রাজস্ব বোর্ডের পরিপত্র অনুযায়ী নির্ধারিত হারে উৎসে কর কর্তন না করায়/কম কর্তন করায় সরকারের আর্থিক ক্ষতি। | ৫১,৬৫,৯৭৯/- | অগ্রিম |
| ২. | বিবিধ পণ্য/সেবা সরবরাহের বিপরীতে জাতীয় রাজস্ব বোর্ডের নির্দেশনা অনুযায়ী নির্ধারিত হারে ভ্যাট কর্তন না করায়/কম কর্তন করায় রাজস্ব ক্ষতি। | ৪,১৭,০৪১/- | অগ্রিম |
| ৩. | অনিয়মিতভাবে ক্রয়কার্য সম্পাদন। | ১,০৩,১৫,৬৩৪/- | সাধারণ |
| ৪. | নির্ধারিত সময়ের মধ্যে কার্য সম্পাদনে ব্যর্থ ঠিকাদারের নিকট হতে জরিমানা বাবদ অর্থ আদায় না করায় সরকারের আর্থিক ক্ষতি। | ২১,৫০,৬২৬/- | অগ্রিম |
| ৫. | কাল্পনিক বিল-ভাউচার দেখিয়ে আসবাবপত্র ক্রয়/শ্রমিক মুজুরী বাবদ অনিয়মিতভাবে পরিশোধ। | ৩৩,২৬,০৩৬/- | সাধারণ |
| ৬. | কর্মসূচীর পিপিএনবিতে (Programme Proposal for Non-Development Budget) দ্রব্য/আইটেম অন্তর্ভুক্ত না থাকা সত্ত্বেও ডিজিটাল সিড কাউন্টার ক্রয় বাবদ পরিশোধ। | ৬,৪৫,০০০/- | অগ্রিম |
| ৭. | ঠিকাদারের বিল পরিশোধকালে Salvage materials মূল্য বাবদ টাকা কর্তন করা হয়নি। | ৭,৫০,৯০০/- | সাধারণ |
| ৮. | শ্রমিকদের অধিকাল ভাতা দেখিয়ে অতিরিক্ত টাকা পরিশোধ। | ১,৫৯,৩৭,৬২৫/- | অগ্রিম |
| ৯. | মূলধন খাতে ল্যাবরেটরি যন্ত্রপাতি ক্রয়ে পিপিএনবিতে উল্লিখিত মূল্য অপেক্ষা অধিক মূল্যে যন্ত্রপাতি ক্রয় করায় অতিরিক্ত টাকা সরকারের আর্থিক ক্ষতি। | ৪৫,৪৩,০০০/- | সাধারণ |
| ১০. | ডিপিপি/ আরডিপিপি'র বরাদ্দ অপেক্ষা অনিয়মিতভাবে অতিরিক্ত পরিশোধের মাধ্যমে ব্যয়। | ১,০৮,১৮,০০৭/- | অগ্রিম |
| ১১. | বিভিন্ন খাতে বাজেট বরাদ্দের অতিরিক্ত টাকা পরিশোধ। | ৩৩,৬০,৭৭৬/- | সাধারণ |
| ১২. | বিধি বহির্ভূতভাবে অর্থনৈতিক কোড রেঞ্জ পরিবর্তন করে এক কোডের বরাদ্দ হতে অন্য কোডের ব্যয় নির্বাহ করায় অনিয়মিত ব্যয়। | ৭৫,৯৯,৩৫২/- | সাধারণ |
| ১৩. | ব্রি-র উন্নয়ন প্রকল্প সমাপ্ত হওয়ার পরেও প্রকল্পের গাড়ী পরিবহন পুলে জমা না করা প্রসঙ্গে। | - | সাধারণ |
| ১৪. | বিধি-বহির্ভূতভাবে খন্ড খন্ড বিল-ভাউচারের মাধ্যমে ব্যয় করায় আর্থিক ক্ষতি। | ২৬,৫১,৫১৭/- | অগ্রিম |
| ১৫. | প্রকল্প বহির্ভূত /রাজস্ব বহির্ভূত/পরিবহনপুল ব্যতিত গাড়ীতে পেট্রোল ও লুব্রিকেন্ট খরচ দেখিয়ে সরকারের আর্থিক ক্ষতি। | ৫৫,১৮,০৩৭/- | অগ্রিম |
| ১৬. | আর্থিক ক্ষমতা লঙ্ঘন পূর্বক যানবাহন মেরামত খাতে প্রাপ্যতার অতিরিক্ত খরচ করায় সরকারের আর্থিক ক্ষতি। | ১২,০৯,৩১৮/- | অগ্রিম |
| ১৭. | ব্রি এর ১২ জন কর্মকর্তা ও সংগঠনের বিভিন্ন কাজের বিপরীতে পরিশোধিত অগ্রিম গৃহীত টাকা অসমন্বয়। | ১৪,৩৯,৪২২/- | সাধারণ |
| ১৮. | ভূমি অধিগ্রহণ বিলের সাথে প্রয়োজনীয় কাগজপত্র নিরীক্ষায় পাওয়া যায়নি জড়িত। | ৪৮,৩৫,১৪৩/- | সাধারণ |
| ১৯. | অনিয়মিতভাবে ভ্রমণ ব্যয় বাবদ টাকা উত্তোলন। | ১,৫২,৭৩৭/- | সাধারণ |
| ২০. | ব্রিডার বীজ ধানকে অবীজ ধান হিসেবে ঘোষণা করে সরকারের আর্থিক ক্ষতি। | ৫৭,৭৬,২৭৬/- | অগ্রিম |
| ২১. | বরাদ্দপত্রের শর্ত লঙ্ঘন করে ক্লাবকে অনুদান বাবদ পরিশোধ। | ২,৩০,০০০/- | অগ্রিম |
| ২২. | বাড়ীভাড়া কর্তন বাবদ অনাদায়ী টাকা। | ৫২,৫৮০/- | সাধারণ |
| | সর্বমোট | ৮,৬৮,৯৫,০০৬/- | |

(আট কোটি আটষট্টি লক্ষ পঁচানব্বই হাজার ছয় টাকা মাত্র)